


## গ্লোবাল সার্ভিসেস লোকেশন ইনডেক্সে ৪ ধাপ এগোলো বাংলাদেশ

আইটি আউটসোর্সিং, ব্যাক অফিস বা অফশোরিং, বিজনেস প্রসেসিং আউটসোর্সিং (বিপিও), ভয়েস সার্ভিসসহ বেশ কয়েকটি ক্ষেত্রে অসামান্য অগ্রগতির ধারাবাহিকতায় গ্লোবাল সার্ভিসেস লোকেশন ইনডেক্সে (জিএসএলআই) চার ধাপ এগিয়েছে বাংলাদেশ। ২০১৪ সালে প্রথমবারের মতো ইনডেক্সে ২৬তম অবস্থানে থাকলেও এবার বাংলাদেশের অবস্থান ২২। বিশ্বের শীর্ষস্থানীয় ম্যানেজমেন্ট কনসাল্টিং প্রতিষ্ঠান 'এ টি কারনি'র সম্প্রতি প্রকাশিত এক জরিপে বাংলাদেশ এই সম্মানজনক অবস্থান পেয়েছে।

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) গত কয়েক বছর ধরে এ টি কারনিকে তথ্যপ্রযুক্তিতে বাংলাদেশের সক্ষমতা তুলে ধরতে বিভিন্ন তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা করে আসছে। এছাড়া বিদেশে কান্ট্রি ব্র্যান্ডিং করছে আইসিটি ডিভিশন ও বেসিস।

জিএসএলআইয়ে বাংলাদেশের অগ্রগতি প্রসঙ্গে আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, সরকারের বিভিন্ন কার্যকর উদ্যোগের ফলে গত কয়েক বছর ধরে তথ্যপ্রযুক্তিতে নানা আন্তর্জাতিক স্বীকৃতি পাওয়া শুরু করেছে বাংলাদেশ। এর মধ্যে আইটিইউ অ্যাওয়ার্ড, সাউথ সাউথ অ্যাওয়ার্ড, গার্টনার এবং এ টি কারনিসহ বেশ কিছু সম্মানজনক স্বীকৃতি পেয়েছে বাংলাদেশ। বেসিস সভাপতি শামীম আহসান বলেন, এ টি কারনির এই সূচকে প্রধান দেশগুলোর বিশ্বের উল্লেখযোগ্য ৫০টি আইটি আউটসোর্সিং ও অফশোরিং দেশের মধ্যে এশিয়ার প্রভাব রয়েছে। এই তালিকায় চার ধাপ এগিয়ে আমরা প্রমাণ করেছি তথ্যপ্রযুক্তি খাতে আমাদের অগ্রগতির ধারাবাহিকতা রয়েছে। আমরা যদি আগামী তিন বছরের মধ্যে জিএসএলআইয়ের তালিকায় প্রথম ১০টি দেশের মধ্যে থাকতে চাই, তাহলে আমাদেরকে স্থানীয় বাজার উন্নয়নে জোর দিতে হবে। আর এজন্য পাবলিক প্রকিউরমেন্ট পলিসি ও পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্টে পরিবর্তন এনে সরকারি কাজে দেশি কোম্পানির অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

## সিএমএমআই ৫ সনদ পেয়েছে ডেটাসফট

সফটওয়্যার প্রতিষ্ঠান হিসেবে ক্যাপাবিলিটি ম্যাচিউরিটি মডেল ইন্টিগ্রেশন (সিএমএমআই) ৫ সনদ পেয়েছে বাংলাদেশি সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান ডেটাসফট সিস্টেমস বাংলাদেশ লিমিটেড। প্রতিষ্ঠানটির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বাংলাদেশি সফটওয়্যার প্রতিষ্ঠান হিসেবে প্রথম এ সনদ পেল ডেটাসফট। সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান হিসেবে দক্ষতা এবং অন্যান্য বিষয় বিবেচনায় রেখে এ সনদ দেয়া হয়। বর্তমানে বাংলাদেশে প্রায় ১১টি সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান সিএমএমআই ৩ সনদ পেয়েছে। ২০০৯ সালে সিএমএমআই ৩ সনদ পেয়েছিল ডেটাসফট।

## ম্যালেরিয়া মোকাবেলায় ৪.২৮ বিলিয়ন দিচ্ছেন বিল গেটস



মাইক্রোসফটের সহপ্রতিষ্ঠাতা বিল গেটস ও ব্রিটেন সরকার 'বিশ্বের সবচেয়ে প্রাণঘাতী' রোগ ম্যালেরিয়া মোকাবেলায় ৪ দশমিক ২৮ বিলিয়ন ডলার ব্যয়ের পরিকল্পনা ঘোষণা করেছেন। দ্য টাইমসের এক যৌথ নিবন্ধে ব্রিটিশ অর্থমন্ত্রী জর্জ অসবোর্ন ও গেটস মশাবাহিত এ রোগ নির্মূলে গবেষণা ও প্রচেষ্টা চালানোর জন্য আগামী পাঁচ বছরে ৪ দশমিক ২৮ বিলিয়ন ডলার অর্থায়নের ঘোষণা দেন। ওই যৌথ নিবন্ধে বলা হয়, 'জনজীবনে এ ধরনের বিপর্যয় নেমে এলে কেউ নিষ্ক্রিয় বসে থাকতে পারে না।' বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্যমতে, ২০১৫ সালে ম্যালেরিয়া রোগে ৪ লাখ ৩৮ হাজার লোকের প্রাণহানি হয়। এদের বেশিরভাগই আফ্রিকার শিশু।

## ২০২১ সালের মধ্যে ১ কোটি মানুষের কর্মসংস্থান হবে : পলক




আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, ২০২১ সালের মধ্যে দেশে এক কোটি মানুষের নতুন কর্মসংস্থান হবে। সম্প্রতি নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ডিজিটাল উদ্ভাবনী ও বিজ্ঞান মেলার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। পর্যায়ক্রমে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম এবং কমপিউটার ল্যাব স্থাপন করা হবে উল্লেখ করে জুনাইদ আহমেদ পলক বলেন, শিক্ষাক্ষেত্রে তথ্যপ্রযুক্তির ব্যবহারের ফলে শিক্ষার্থীদের কাছে শিক্ষা পদ্ধতি সহজ, বোধগম্য এবং আনন্দের হয়ে উঠেছে। ফলে শিক্ষার গুণগত মান বাড়ছে। তিনি বলেন, ১ জানুয়ারি সাড়ে তিন কোটি শিক্ষার্থীর হাতে বিনামূল্যের প্রায় ৩৫ কোটি পাঠ্যপুস্তক তুলে দেয়া হয়েছে। প্রতিমন্ত্রী বলেন, তথ্যপ্রযুক্তি ব্যবহারের ফলে কৃষিক্ষেত্রে উৎপাদন বেড়েছে। চিকিৎসা ক্ষেত্রেও আমরা তথ্যপ্রযুক্তির সাহায্যে টেলিমেডিসিন সেবা দিচ্ছি। ইতোমধ্যে নাটোরের দুটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এই সেবা চালু করা হয়েছে। ২০১৯ সালের মধ্যে অবশিষ্ট উপজেলাগুলোতে এই সেবা চালু করা হবে। পলক বলেন, আধুনিক তথ্যপ্রযুক্তিসমৃদ্ধ শিক্ষিত তরুণদের সাথে নিয়ে ডিজিটাল বাংলাদেশ গড়তে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

## চীনে মোবাইল ফোনে ইন্টারনেট ব্যবহারকারী ৬২ কোটি!

মোবাইল ফোনে ইন্টারনেট ব্যবহারকারী চীনের মোট জনসংখ্যার প্রায় অর্ধেক অর্থাৎ ৬২ কোটি মানুষ মোবাইল ফোন থেকে ইন্টারনেট ব্যবহার করছে। চীনের ইন্টারনেট নেটওয়ার্ক ইনফরমেশন সেন্টারের (সিএনএনআইসি) বরাত দিয়ে চীনের বার্তা সংস্থা সিনহুয়া জানায়, ২০১৫ সালের শেষ নাগাদ দেশটিতে মোবাইল ফোনে ইন্টারনেট ব্যবহারকারী ৬২ কোটি ছাড়িয়ে গেছে। দেশটির মোট ইন্টারনেট ব্যবহারকারী ৬৮ কোটি ৮০ লাখ। অর্থাৎ দেশটির মোট ইন্টারনেট ব্যবহারকারীর ৯০ দশমিক ১ শতাংশ মোবাইলে ইন্টারনেট ব্যবহার করছে।


সিনহুয়ার প্রতিবেদনে বলা হয়েছে, চীনে ইন্টারনেট ব্যবহারকারী বাড়ার মূলে রয়েছে মোবাইল ফোনের ব্যবহার। ইন্টারনেটের ব্যবহার বাড়ার ফলে জনসেবা, জীবনযাত্রার মানোন্নয়ন ও ই-কমার্সে উন্নতি করছে দেশটি। চীনে বর্তমানে ৪১ কোটি ৩০ লাখ মানুষ অনলাইনে কেনাকাটা করে। গত বছর নতুন করে ৫ কোটি মানুষ অনলাইনে কেনাকাটার চেষ্টা করেছে। উল্লেখ্য, বাংলাদেশে মোবাইল ফোনে ইন্টারনেট ব্যবহারকারী ৫ কোটি ১৪ লাখ ৫৩ হাজার।

## দেশে ১৩ কোটির বেশি সিম চালু রয়েছে : তারানা হালিম



ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম বলেছেন, ২০১৫ সালের ডিসেম্বর পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী ৬টি মোবাইল কোম্পানির ১৩ কোটি ৩৭ লাখ ২০ হাজার ৪১০টি সিম বৈধভাবে চালু রয়েছে। সম্প্রতি সংসদে সরকারি দলের সদস্য গোলাম দস্তগীর গাজীর এক প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। প্রতিমন্ত্রী বলেন, বৈধভাবে চালু করা সিমের মধ্যে গ্রামীণফোন বাংলাদেশ লিমিটেডের ৫ কোটি ৬৬ লাখ ৭৯ হাজার ৪১২টি, রবি আজিয়াটা লিমিটেডের ২ কোটি ৮৩ লাখ ১৬ হাজার ৯৫৮টি, বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশন লিমিটেডের ৩ কোটি ২৮ লাখ ৬৫ হাজার ১১৬টি, এয়ারটেল বাংলাদেশ লিমিটেডের ১ কোটি ৭ লাখ ৯ হাজার ৬৬০টি, প্যাসিফিক বাংলাদেশ টেলিকম লিমিটেডের ১০ লাখ ৬ হাজার ৬৮৪টি এবং টেলিটক বাংলাদেশ লিমিটেডের ৪১ লাখ ৪২ হাজার ৪১০টি বৈধ সিম রয়েছে।

## পিসির বিক্রি কমছেই



বৈশ্বিকভাবে পিসি বাজারে আসার হার কমছেই। ২০১৪ সালের শেষ প্রান্তিক অর্থাৎ অক্টোবর থেকে ডিসেম্বর- এই তিন মাসের তুলনায় ২০১৫ সালের শেষ প্রান্তিকে বাজারে পিসি আসার হার ১০ দশমিক ৬ শতাংশ কমেছে। সম্প্রতি বাজার গবেষণা প্রতিষ্ঠান আইডিসির এক প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়েছে। অপর বাজার গবেষণা প্রতিষ্ঠান গার্টনারের প্রতিবেদন অনুযায়ী, গত প্রান্তিকে বাজারে পিসি আসার হার কমেছে ৮ দশমিক ৩ শতাংশ। আইডিসির হিসাবে, গত বছরের শেষ প্রান্তিকে সর্বমোট ৭ কোটি ১৯ লাখ ইউনিট পিসি বাজারে ছাড়া হয়েছে।

## দাতব্য কাজে অর্থ দিচ্ছেন ফেসবুকের সিওও



ফেসবুকের প্রধান পরিচালনা কর্মকর্তা (সিওও) শেরিল স্যান্ডবার্গ তার সম্পদ দাতব্য কাজে ব্যয় করার ঘোষণা দিয়েছেন। মোট ৩ কোটি ১০ লাখ মার্কিন ডলার দাতব্য কাজে ব্যয় করার পরিকল্পনা করেছেন তিনি। বার্তা সংস্থা আইএএনএসের খবরে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের তথ্যানুযায়ী শেরিলের ২ লাখ ৯০ হাজার শেয়ার বিভিন্ন দাতব্য প্রতিষ্ঠান যাবে। এই শেয়ারের দাম ৩ কোটি ১০ লাখ মার্কিন ডলার। এই অর্থের বেশিরভাগ ব্যয় হবে নারীর ক্ষমতায়নে কাজ করছে এমন দাতব্য প্রতিষ্ঠান ও শেরিলের লিন ইন নামের একটি দাতব্য প্রতিষ্ঠানে

## তিন বছরের ওয়ারেন্টিতে ডেল ল্যাপটপ



গ্লোবাল ব্র্যান্ড দেশে নিয়ে এলো ডেলের পঞ্চম প্রজন্মের ল্যাপটপ ভোস্ত্র ৩৪৫৮। ২.২০ গিগাহার্টজসম্পন্ন ল্যাপটপটিতে রয়েছে পঞ্চম প্রজন্মের ইন্টেল কোরআই৫ প্রসেসর, ৪ জিবি ডিডিআর৩ র‌্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক, ১৪.১ ইঞ্চি এলইডি ডিসপ্লে, ডিভিডি রাইটার, ইন্টেল এইচডি গ্রাফিক্স ৫৫০০ এবং ইন্টিগ্রেটেড ওয়াইডস্ক্রিন এইচডি ওয়েবক্যাম। ৪ সেল রিমুভেবল ব্যাটারিসহ ওজন ১.৯৪ কেজি। তিন বছর ওয়ারেন্টিসহ দাম ৪৯ হাজার ৩০০ টাকা

## খান একাডেমির কনটেন্ট আসছে বাংলায়

খান একাডেমির সালমান খানের অনলাইনভিত্তিক যাবতীয় কনটেন্ট এখন থেকে বাংলায় পাওয়া যাবে। বাংলা করার কাজটি করছে দেশের আগামী ফাউন্ডেশন। বাংলাদেশে খান একাডেমির কনটেন্ট স্থানীয়করণের লক্ষ্যে সম্প্রতি আগামীর সাথে বাংলাদেশ কমপিউটার কাউন্সিলের (বিসিসি) একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। খান একাডেমি বাংলা ওয়েবসাইটটি চলতি বছর চালু করার লক্ষ্যে ২০১৫ সালের জুলাই মাসে গ্রামীণফোনের সহায়তায় আগামী এই উদ্যোগটি নেয়। স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইসিটি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, আগামী এডুকেশন ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মিসেস নাফিসা খানম, বিসিসির নির্বাহী পরিচালক এসএম আশরাফুল ইসলামসহ অনেকে। উদ্যোগটি নেয়ার পর থেকে গত ছয় মাসে ওয়েবসাইটটি স্থানীয়করণের বেশিরভাগ কাজ সম্পন্ন হয়েছে। সাইটটি শিগগিরই চালু হবে বলে অনুষ্ঠানে জানানো হয়। খান একাডেমি বাংলার কনটেন্ট আগামী ৩ থেকে ৫ বছরের মধ্যে বাংলাদেশের সব প্রান্তের শিক্ষক এবং শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে দেয়া যাবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়।

খান একাডেমি (www.khanacademy.org) একটি অলাভজনক প্রতিষ্ঠান, যেটি সালমান খান ২০০৬ সালে সারাবিশ্বে সবার জন্য বিনামূল্যে বিশ্বমানের শিক্ষা পৌঁছে দেয়ার লক্ষ্যে চালু করেন

## অনিয়ম এড়াতে ই-জিপিভুক্ত হচ্ছে আরও ১২৩৩ সংস্থা

দরপত্র দাখিল প্রক্রিয়ায় অনিয়ম প্রতিরোধ করার লক্ষ্যে সরকারি অর্থ ব্যবহারকারী আরও ১২৩৩টি সংস্থাকে ই-গভর্মেন্ট প্রকিউরমেন্টের (ই-জিপি) অন্তর্ভুক্ত করার পরিকল্পনা নেয়া হয়েছে। এসবের মধ্যে মন্ত্রণালয়, বিভাগ, অধিদফতর, পরিদফতর, সরকারি মালিকানাধীন পাবলিক লিমিটেড কোম্পানি এবং স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা রয়েছে। এসব সংস্থাকে ই-জিপিভুক্ত করতে নতুন ডাটা সেন্টার কেনা ও পোর্টালের ক্ষমতা বাড়ানো হচ্ছে। এ বিষয়ে চলতি বছরের ৩১ মার্চ চুক্তি সই হবে। পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে উত্থাপিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। বর্তমানে ৩০টি মন্ত্রণালয় ও বিভাগের ১১১টি ক্রয়কারী সংস্থা যুক্ত আছে ই-জিপিতে। নিবন্ধিত ক্রয়কারীর সংখ্যা ২১৮৬টি। নিবন্ধিত দরপত্রদাতার সংখ্যা ১৮ হাজার ৭৭৭

## নারী উদ্যোক্তাদের সক্ষমতায় একসাথে কাজ করবে এটুআই-মাইক্রোসফট

ডিজিটাল সেন্টারের নারী উদ্যোক্তাদের সক্ষমতা তৈরির লক্ষ্যে সম্প্রতি প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসএসএফ ব্রিফিং রুমে অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এবং মাইক্রোসফট বাংলাদেশের সাথে একটি সমঝোতা স্মারক সই হয়েছে। নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্মারকে সই করেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) ও এটুআই প্রোগ্রামের প্রকল্প পরিচালক কবির বিন আনোয়ার এবং মাইক্রোসফট বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক সোনিয়া বশির কবির। চুক্তি সই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাইক্রোসফটের সাউথ-ইস্ট এশিয়া নিউ মার্কেটস বিভাগের জেনারেল ম্যানেজার মিশেল সিমন্স।

চুক্তির আওতায় দেশব্যাপী ৫২৭৩টি ডিজিটাল সেন্টারের নারী উদ্যোক্তাদের কমপিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যারের ওপর প্রশিক্ষণ দেয়া হবে। প্রশিক্ষণ শেষে ডিজিটাল সেন্টারগুলো সরাসরি সার্ভিস সেন্টারের সাথে যুক্ত হয়ে সেবা দিতে পারবে।




প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) ও এটুআই প্রোগ্রামের প্রকল্প পরিচালক কবির বিন আনোয়ার বলেন, ডিজিটাল বাংলাদেশ নির্মাণে প্রতিটি ইউনিয়ন পরিষদে ডিজিটাল সেন্টার স্থাপন এবং প্রতিটি কেন্দ্রে একজন করে নারী ও পুরুষ উদ্যোক্তার অবস্থান খুবই গুরুত্বপূর্ণ বিষয়। এ ক্ষেত্রে ডিজিটাল সেন্টারের নারীদেরকে নিয়ে মাইক্রোসফটের এ প্রশিক্ষণ তাদেরকে আরও একধাপ এগিয়ে নিয়ে যাবে।

মাইক্রোসফট বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক সোনিয়া বশির কবির বলেন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে চুক্তি স্বাক্ষর নিয়ে আমি অনেক বেশি উচ্ছ্বসিত। আমরা বিশ্বাস করি, নারীরা আমাদের সমাজের গুরুত্বপূর্ণ অংশ এবং প্রযুক্তিতে নারীদের অংশ নেয়ার বিষয়টি আমার ব্যক্তিগত একটি আগ্রহ। চুক্তি স্বাক্ষরের মাধ্যমে মাইক্রোসফট বাংলাদেশ দেশের ডিজিটাল সেন্টারের ৫২০০ জনের বেশি নারীর সাথে কাজ করার সুযোগ পাবে

## গিগাবাইট গেমিং প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠিত




রাজধানীর আগারগাঁওস্থ বিসিএস কমপিউটার সিটিতে চলা 'সিটিআইটি ২০১৬' মেলার গিগাবাইট গেমিং প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। গেমিং কনটেস্টের বিজয়ীদের মধ্যে রাজধানীর মাল্টিপ্ল্যান সেন্টারে ৬ ফেব্রুয়ারি পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ইসিএস কমপিউটার সিটির সাধারণ সম্পাদক সুব্রত সরকার, গিগাবাইট বাংলাদেশের কান্ট্রি সেলস ম্যানেজার খাজা মো. আনাস খান, কমপিউটার জগৎ-এর সহাকারী সম্পাদক মোহাম্মদ আবদুল হকসহ প্রমুখ।

বিসিএস কমপিউটার সিটির মেলায় গেমিং প্রতিযোগিতায় কড৪ এ চ্যাম্পিয়ন হয় সিআইডি দল, রানার আপ হয় ইনসান গেমিং দল এবং ২য় রানার আপ হয় ইনফারনাল গেমিং দল। এক্ষেত্রে চ্যাম্পিয়ন পায় ২০ হাজার টাকা, রানার আপ পায় ১৫ হাজার টাকা এবং ২য় রানার আপ পায় ৫ হাজার টাকা।

কাউন্টার স্ট্রাইক গ্লোবাল অফেন্স গেমে চ্যাম্পিয়ন হয় 'ল্যানস্টার গেমিং'। এক্ষেত্রে চ্যাম্পিয়ন দল পায় ২০ হাজার টাকা, রানার আপ পায় ১০ হাজার টাকা, ২য় রানার আপ পায় ৬ হাজার এবং ৪র্থ স্থানের দল পায় ৪ হাজার টাকা।

ফিফা ১৬ গেমে চ্যাম্পিয়ন হয় হাসান মাহমুদ শিশির, রানার আপ হয় মেনন খান, ২য় রানার আপ হয় রেজওয়ান আহমেদ, ৪র্থ স্থান অর্জন করে শাওন হক। এক্ষেত্রে চ্যাম্পিয়ন দল পায় ১০ হাজার টাকা, রানার আপ পায় ৮ হাজার টাকা, ২য় রানার আপ পায় ৫ হাজার এবং ৪র্থ স্থানের দল পায় ২ হাজার টাকা

## ই-ক্যাবের নতুন কমিটি

১৬ জানুয়ারি ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ই-ক্যাব) কার্যকরী পরিষদের প্রথম নির্বাচিত কমিটির নাম ঘোষণা করা হয়েছে। কার্যনির্বাহী কমিটির নয়টি পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নয়জন নির্বাচিত হয়েছেন। নির্বাচিত ব্যক্তিরা হলেন সভাপতি রাজিব আহমেদ, সহসভাপতি রেজওয়ানুল হক, সাধারণ সম্পাদক মো: আবদুল ওয়াহেদ তমাল,


রাজিব আহমেদ


মো: আবদুল ওয়াহেদ তমাল

যুগ্ম সাধারণ সম্পাদক সেজান সামস, অর্থ সম্পাদক মোহাম্মদ আবদুল হক এবং কার্যনির্বাহী পরিচালক মো: আরিফুল হাই, মো: আফজাল হোসেন, তানভীর আহমেদ ও নাসিমা আক্তার। নির্বাচন বোর্ডের চেয়ারম্যান মোস্তফা জব্বার এবং সদস্য সাফকাত হায়দার ও মোহাম্মদ ইকবাল জামাল নির্বাচনের ফলাফল ঘোষণা করেন

## মাইক্রোসফটের সাথে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের চুক্তি

'পার্টনারস ইন লার্নিং' কর্মসূচি বাস্তবায়নে মাইক্রোসফট বাংলাদেশ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় চুক্তি সই করেছে। সম্প্রতি মাইক্রোসফটের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, শিক্ষক ও শিক্ষা সংশ্লিষ্টদের প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে শিক্ষাদান পদ্ধতির উন্নয়নে 'এডুকেশন ট্রান্সফর্ম অ্যাগ্রিমেন্ট' শীর্ষক এ চুক্তি হয়েছে। এতে সবার প্রাপ্য শিক্ষা নিশ্চিত করা যাবে। মাইক্রোসফটের ভাষ্য,



'পার্টনারস ইন লার্নিং' কর্মসূচিটি একটি বৈশ্বিক উদ্যোগ। এটি প্রতিটি শিক্ষার্থীর জন্য প্রশিক্ষিত শিক্ষকদের বৈশ্বিক নেটওয়ার্কের সুবিধা নিশ্চিত করতে প্রয়োজনীয়, অপরিহার্য ও কার্যকর সব উপাদান নিয়ে কাজ করে।

মাইক্রোসফট বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক সোনিয়া বশির কবির বলেন, 'বাংলাদেশ সরকারের ডিজিটাল বাংলাদেশ উদ্যোগের সাথে থাকতে মাইক্রোসফট বাংলাদেশ ঘনিষ্ঠভাবে কাজ করছে। দেশের সার্বিক উন্নতিতে শিক্ষা খাত খুবই গুরুত্বপূর্ণ এবং বাংলাদেশের শিশুদের উজ্জ্বল ভবিষ্যৎ গঠনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সাথে কাজ করতে পেরে আমরা আনন্দিত'

## এসএসএল ওয়্যারলেসকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পিএসও লাইসেন্স প্রদান

বাংলাদেশের বৃহৎ অ্যাপ্লিকেশন সার্ভিস প্রোভাইডার প্রতিষ্ঠান সফটওয়্যার শপ লিমিটেডকে (যা এসএসএল ওয়্যারলেস নামে পরিচিত) গত ২৫ জানুয়ারি পিএসও (পেমেন্ট সিস্টেম অপারেটর) লাইসেন্স দিয়েছে বাংলাদেশ ব্যাংক। সফটওয়্যার শপ লিমিটেডের অনলাইন পেমেন্ট গেটওয়ে সেবা এসএসএল কমার্জের নামে বাংলাদেশ পেমেন্ট অ্যান্ড সেটেলমেন্ট সিস্টেম রেগুলেশন ২০১৪-এর অধীনে এই লাইসেন্স দেয়া হয় এবং ই-কমার্স লেনদেন সম্পাদনে এসএসএল কমার্জ গেটওয়ের মাধ্যমে ই-মার্চেন্টদের সেবা দেয়ার জন্য পেমেন্ট সিস্টেম অপারেটর হিসেবে কার্যক্রম পরিচালনার অনুমোদন দেয়া হয়। বাংলাদেশ ব্যাংকের তত্ত্বাবধানে ও ডাচ-বাংলা ব্যাংকের সহায়তায় ২০১০ সালে বাংলাদেশের অনলাইন পেমেন্ট গেটওয়ে সেবা খাতে প্রথম নাম লেখায় এসএসএল কমার্জ এবং সেই থেকেই এ দেশে আনুষ্ঠানিক যাত্রা শুরু করে ই-কমার্স শিল্প। শুরু থেকেই বাংলাদেশের বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে মিলিতভাবে মার্চেন্ট পেমেন্ট সেবা দেয়ার মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে আসছে এসএসএল কমার্জ। বিগত ৬ বছরে বাংলাদেশে ই-কমার্স শিল্পের প্রতি সচেতনতা তৈরিতে এসএসএল ওয়্যারলেস ধারাবাহিকভাবে বাংলাদেশ ব্যাংক, বেসিস, ই-কমার্স অ্যালায়েন্স, ই-ক্যাব, ভিসা এবং বিভিন্ন কমার্শিয়াল ব্যাংকের সাথে কার্যক্রম পরিচালনা করে আসছে। বিস্তারিত : www.sslcommerz.com

## আইসিটি মেগামল উদ্বোধন উপলক্ষে কমপিউটার ভিলেজে ব্যাপক মূল্যছাড়



গত ১৪ জানুয়ারি আইডিবি ভবনের বিসিএস কমপিউটার সিটির তৃতীয় তলায় উদ্বোধন করা হয় কমপিউটার ভিলেজের নতুন আইসিটি মেগামল। ১৯৯৮ সালে চট্টগ্রামে প্রতিষ্ঠিত হওয়া কমপিউটার ভিলেজের ঢাকা ও চট্টগ্রামের বিভিন্ন লোকেশনে মোট ৯টি শাখা রয়েছে। শুভ উদ্বোধন ও ১৮ জানুয়ারি থেকে অনুষ্ঠিতব্য কমপিউটার মেলা উপলক্ষে প্রতিষ্ঠানটি গ্রাহকদের জন্য বিশেষ ছাড় ঘোষণা করে, যেখানে ক্রেতারা প্রতিটি ল্যাপটপ ও ডেস্কটপ কমপিউটার ক্রয়ের বিপরীতে ব্র্যান্ড কর্তৃক ঘোষিত প্রমোশন ছাড়াও লাকি কুপনের মাধ্যমে ৫০০ থেকে ৫০০০ টাকা পর্যন্ত ডিসকাউন্ট লাভ করেন।

কমপিউটার ভিলেজের জেনারেল ম্যানেজার (মার্কেটিং) রিয়াজ আহম্মেদ সুমন জানান, বিখ্যাত লোকেশনে মেগামল ও শোরুমগুলো ছাড়াও তাদের অনলাইন কার্যক্রম জোরদার করা হচ্ছে, যাতে ক্রেতারা সহজেই আকর্ষণীয় দামে পছন্দের পণ্য অনলাইনে কিনতে পারবেন। যোগাযোগ : ০১৭১৩২৪০৭৭৮

## ব্রাদারের মনোক্রোম লেজার মাল্টিফাংশন প্রিন্টার



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে ব্রাদারের নতুন মনোক্রোম লেজার মাল্টিফাংশন প্রিন্টার 'এমএফসি-এল২৭০০ডিডব্লিউ'। ওয়্যারড ও ওয়্যারলেস নেটওয়ার্কসম্পন্ন এই প্রিন্টারটি একাধারে প্রিন্ট, কপি, স্ক্যান ও ফ্যাক্স করতে সক্ষম। প্রিন্টারটি ওয়াইফাই নেটওয়ার্কিং এবং ক্লাউড নেটওয়ার্কিংয়ের মাধ্যমে যেকোনো ডিভাইস থেকে প্রিন্ট করতে সক্ষম। এছাড়া এই প্রিন্টারটি প্রতি মিনিটে ২৬ পৃষ্ঠা এবং একটি পৃষ্ঠার দুই পাশেই প্রিন্ট করতে পারে। প্রিন্টারটির রয়েছে ৩২ মেগাবাইট মেমরি, ১২০০ বাই ৬০০ ডিপিআই প্রিন্টিং রেজ্যুলেশন, ৬০০ বাই ২৪০০ ডিপিআই স্ক্যান রেজ্যুলেশন এবং ৩৩.৬ কেবিপিএস ফ্যাক্স স্পিড। তিন বছরের ওয়ারেন্টিসহ দাম ১৯ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৩০

## গেমস ডেভেলপমেন্ট নিয়ে কর্মশালা



বর্তমানে বিশ্বব্যাপী গেমের বাজার ১১০ বিলিয়ন ডলারেরও বেশি। বিশাল এই বাজারে প্রবেশের জন্য কয়েক বছর ধরে বাংলাদেশি কোম্পানিগুলো কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে সাড়া জাগানো বেশ কিছু গেম তৈরি করেছে বাংলাদেশি প্রতিষ্ঠানগুলো। বাংলাদেশি ডেভেলপারদের তৈরি এসব গেম কয়েক মিলিয়ন ডাউনলোডের রেকর্ডও রয়েছে। সম্ভাবনাময় এই বাজারে বাংলাদেশের ভবিষ্যৎ ও করণীয় সম্পর্কে বিস্তারিত তুলে ধরতে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) আয়োজিত বিশেষ কর্মশালায় বক্তারা এসব কথা বলেন।

সম্প্রতি বেসিস অডিটোরিয়ামে 'গেমস ডেভেলপমেন্ট : অপরচুনিটি ফর ফিউচার বাংলাদেশ' শীর্ষক এই কর্মশালার সহযোগিতায় ছিল বেসিসের মোবাইল অ্যাপস, গেমস অ্যান্ড ভাস সম্পর্কিত স্থায়ী কমিটি ও মোবাইল মানডে। কর্মশালায় আলোচক হিসেবে ছিলেন ম্যাসিভস্টার স্টুডিও লিমিটেডের প্রধান নির্বাহী এসএম মাহাবুব আলম, ট্যাপস্টার ইন্টারেক্টিভ সফটওয়্যার লিমিটেডের প্রধান নির্বাহী একেএম মাসুদ ও স্কাই ট্যাপারের টেকনিক্যাল প্রধান শফিউর রহমান। কর্মশালায় বক্তারা বলেন, গেম ও গেম অ্যাপ তৈরিতে বাংলাদেশের অনেক সম্ভাবনা রয়েছে। এ খাতের উন্নয়নের মাধ্যমে আমাদের জনবল ও বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ হবে। শিক্ষার্থীরাও প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে সম্ভাবনাময় এই খাতে ক্যারিয়ার গড়তে পারবে

## 'অভিযোগের ভিত্তিতে ৪৮ ঘণ্টার মধ্যে ব্যবস্থা নেবে ফেসবুক' : তারানা হালিম

ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী অ্যাডভোকেট তারানা হালিম বলেছেন, নারীর প্রতি সহিংসতা ও সন্ত্রাসী কর্মকাণ্ডের বিষয়ে অভিযোগ জানালে ৪৮ ঘণ্টার মধ্যে পদক্ষেপ নেবে ফেসবুক কর্তৃপক্ষ। একই সাথে কী ব্যবস্থা নেয়া হয়েছে সেটিও একই সময়ের মধ্যে আমাদের জানানো হবে। সম্প্রতি সচিবালয়ে ফেসবুক কর্তৃপক্ষের সাথে এক বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। তারানা হালিম বলেন, আপত্তিকর কনটেন্ট অপসারণ ছাড়াও সব ধরনের সাইবার থ্রেট রোধে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার বিষয়ে আশ্বাস দিয়েছে ফেসবুক কর্তৃপক্ষ। এর আগে গত ১১ জানুয়ারি সিঙ্গাপুর সফরে যান প্রতিমন্ত্রী। এ সময় ফেসবুক, গুগল ও মাইক্রোসফট কর্তৃপক্ষের সাথে বৈঠক করেন তিনি।

## শার্পের নতুন ডিজিটাল ফটোকপিয়ার



গ্লোবাল ব্র্যান্ড শার্প ফটোকপিয়ারের অনুমোদিত অংশীদার বাজারে নিয়ে এলো নতুন শার্প এআর-৬০২০ মডেলের ডিজিটাল ফটোকপিয়ার মেশিন। মেশিনটি একসাথে কপি, প্রিন্ট এবং কালার স্ক্যান করতে সক্ষম। শার্প এআর-৬০২০ মিনিটে ২০ কপি প্রিন্ট করে থাকে। এর রয়েছে ৬৪ মেগাবাইট র‍্যাম, ৩৫০ শিট পেপার ধারণক্ষমতা, কপি ও প্রিন্ট রেজ্যুলেশন ৬০০ বাই ৬০০ ডিপিআই এবং ২৫ থেকে ৪০০ শতাংশ পর্যন্ত জুমিং রেঞ্জ। এটি লেজার বিম প্রিন্টিং ও ইনডিরেক্ট ইলাস্ট্র্যাটিক ফটোগ্রাফিক মেথড দিয়ে পরিচালিত। প্রতি পৃষ্ঠা কপি বা প্রিন্টিং খরচ মাত্র ৩৫ পয়সা। এক বছর ওয়ারেন্টিসহ দাম ৮৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৬৯৬৩৩০৮১

## ভার্চুয়াল রিয়েলিটি বিভাগ খুলছে গুগল



২০১৬ সালে প্রযুক্তি দুনিয়ায় সবচেয়ে আলোচিত বিষয় হলো ভার্চুয়াল রিয়েলিটি সার্চ ইঞ্জিন গুগল এবার ভার্চুয়াল রিয়েলিটি (ভিআর) প্রযুক্তিতে নিজেদের অবস্থান তৈরির ব্যাপারে কাজ শুরু করতে যাচ্ছে। ইতোমধ্যে এ বিষয়ে গুগল ভিআর বিভাগকে আলাদা করেছে, যার প্রধান হিসেবে ক্লে বেভরকে দায়িত্ব দেয়া হয়েছে। গত বছর সামাজিক যোগাযোগের সাইট ফেসবুক এবং মাইক্রোসফট ভিআর প্রযুক্তিপণ্য তৈরির বিষয়ে ঘোষণা দিয়েছে। এবার এ তালিকায় যুক্ত হতে যাচ্ছে গুগলের নাম।

এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত ক্লে বেভর এর আগে গুগলের পণ্য ব্যবস্থাপনা বিভাগের ভাইস প্রেসিডেন্ট হিসেবে সফলতার সাথেই জি-মেইল, গুগল ড্রাইভ এবং গুগল ডকস প্রকল্পের নেতৃত্ব দিয়েছেন। এছাড়া গুগলের চালু না হওয়া আরেকটি পণ্য গুগল কার্ডবোর্ডের দায়িত্বেও আছেন বেভর। তাই গুগল কর্তৃপক্ষ ক্লে বেভরের হাতেই দিয়েছেন ভিআর প্রকল্পের দায়িত্ব। চলতি বছরের মধ্যেই প্রকল্পটি চালুর বিষয়ে কাজ করছে ক্লে বেভরের দল- এমনটাই জানা গেছে

## শাহজালাল ইসলামী ব্যাংক ও এসএসএল ওয়্যারলেসের মধ্যে চুক্তি

শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেডের গ্রাহকদের 'এসএমএস ব্যাংকিং সেবা' দেয়ার লক্ষ্যে গত ১ ফেব্রুয়ারি শাহজালাল ইসলামী ব্যাংক ও এসএসএল ওয়্যারলেসের মধ্যে ব্যাংকের প্রধান কার্যালয়ে এক চুক্তি স্বাক্ষর হয়। চুক্তির ফলে ব্যাংকের গ্রাহকেরা মোবাইলে এসএমএসের মাধ্যমে তাদের লেনদেনের তথ্য জানতে পারবেন। এছাড়া প্রতিটি লেনদেনের তথ্য সম্পর্কিত তাৎক্ষণিক অবহিতকরণ বার্তা ও ব্যাংক কর্তৃক প্রদত্ত কোনো নতুন সেবার ব্যাপারে অবহিতকরণ বার্তা গ্রাহকেরা পাবেন। শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ফরমান আর চৌধুরী এবং এসএসএল ওয়্যারলেসের




ব্যবস্থাপনা পরিচালক ও ডিসিসিআইয়ের সাবেক সভাপতি সাইফুল ইসলাম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেডের উপব্যবস্থাপনা পরিচালক মনজেরুল ইসলাম ও আবদুল আজিজ এসইভিপি এবং মানবসম্পদ বিভাগের প্রধান মো: নাজিমউদ্দৌলা এসইভিপি ও বিনিয়োগ বিভাগের প্রধান মো: মাহমুদুল হক, ইভিপি ও আইটি বিভাগের প্রধান ইঞ্জিনিয়ার মো: রফিকুল ইসলাম, করপোরেট বিভাগের ইভিপি মনজেরুল আলম চৌধুরী, ভিপি ও জনসংযোগ বিভাগের প্রধান মো: সামছুদ্দোহা এবং এসএসএল ওয়্যারলেসের জেনারেল ম্যানেজার আশীষ চক্রবর্তীসহ উভয় প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন

## গিগাবাইটের নতুন পণ্য বাংলাদেশের বাজারে



১৭ জানুয়ারি রাজধানীর একটি হোটেলে আনুষ্ঠানিকভাবে উন্মোচন করা হয় গিগাবাইটের ১০০ সিরিজের পাঁচটি মডেলের মাদারবোর্ড এবং ৯ সিরিজের চারটি মডেলের গ্রাফিক্স কার্ড। রাজধানীর গিগাবাইট রিসেলারদের উপস্থিতিতে এবং স্মার্ট টেকনোলজিসের উদ্যোগে আয়োজিত ডিলার মিট অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্মার্ট টেকনোলজিসের বিক্রয় মহাব্যবস্থাপক জাফর আহমেদ, বিপণন মহাব্যবস্থাপক মুজাহিদ আলবেরুনী সুজন এবং গিগাবাইটের কান্ট্রি হেড খাজা মো: আনাস খান। অনুষ্ঠানে জানানো হয়, গিগাবাইটের ১০০ সিরিজের মাদারবোর্ডগুলো প্রফেশনাল গেমার ও গ্রাফিক্স ডিজাইনারদের জন্য অত্যন্ত কার্যকর। এছাড়া পিসি পারফরম্যান্স বাড়ানোর জন্য এনভিডিয়া জিটিএক্স ৯৫০/৯৬০/৯৭০/৯৮০টিআই এক্সট্রিম গেমিং গ্রাফিক্স কার্ডগুলো কমপিউটার ব্যবহারকে নতুন মাত্রা উপহার দিতে সক্ষম

## ই-ক্যাব ইয়ুথ ফোরামের যাত্রা শুরু



তরুণ উদ্যোক্তাদের সঠিক পথে পরিচালিত করতে এবং তাদেরকে ব্যবসায় সম্পর্কে সঠিক দিকনির্দেশনা ও ই-কমার্সের ওপর দক্ষ জনবল তৈরির জন্য ই-ক্যাব তরুণদের জন্য গঠন করেছে ই-ক্যাব ইয়ুথ ফোরাম। গত ৫ ফেব্রুয়ারি রাজধানীর ফ্রেপড অডিটোরিয়ামে আনুষ্ঠানিকভাবে ই-ক্যাব ইয়ুথ ফোরামের উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা জানানো হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) সভাপতি শামীম আহসান। তিনি বলেন, 'ক্রেতাদের আস্থা অর্জন করতে পারলে আগামী ১০ বছরের মধ্যেই দেশের অর্থনীতির সবচেয়ে বড় খাত হবে ই-কমার্স। সেখানে প্রধান চালিকাশক্তি হিসেবে কাজ করবে আজকের তরুণেরাই।' ই-ক্যাব ইয়ুথ ফোরামের সভাপতি আসিফ আহনাফের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জেসিআই বাংলাদেশের ন্যাশনাল প্রেসিডেন্ট সাখাওয়াত হোসেন মামুন এবং ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ই-ক্যাব) সভাপতি রাজিব আহমেদ, সাধারণ সম্পাদক আবদুল ওয়াহেদ তমাল ও অর্থ সম্পাদক মোহাম্মদ আবদুল হক অনুসহ প্রমুখ

## ডিজিটাল স্কুল হিসেবে যাত্রা শুরু করল উদয়ন

'ডিজিটাল' স্কুল হিসেবে যাত্রা শুরু করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়। সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে আনুষ্ঠানিকভাবে এ কার্যক্রম উদ্বোধন করেন উপাচার্য এবং উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক।

আইটিমস নামে একটি সফটওয়্যারের মাধ্যমে উদয়নের শিক্ষা ও ব্যবস্থাপনা কার্যক্রম 'অটোমেটেড' করেছে সফটওয়্যার প্রতিষ্ঠান ফোর ডি কমিউনিকেশনস। উদয়নের ক্লাস ম্যানেজমেন্ট, রুটিন তৈরি, ফল তৈরি ও প্রকাশ, উপস্থিতি, পরীক্ষা, বেতন দেয়াসহ আনুষঙ্গিক কার্যক্রম এই সফটওয়্যারের মাধ্যমেই সম্পন্ন করা হয়েছে। বিদ্যালয়ের অধ্যক্ষ উম্মে সালেমা বেগমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

প্রতিমন্ত্রী বলেন, এর মাধ্যমে স্কুল কর্তৃপক্ষের রেজাল্ট-সিলেবাসসহ বিভিন্ন ছাপার কাজের জন্য ব্যয় কমার পাশাপাশি ব্যস্ততার কারণে বাবা-মায়ের সাথে স্কুলের যে সমন্বয়হীনতা সৃষ্টি হয় তা দূর হবে

## ওরাকল ১১জি ডিবিএ অ্যান্ড ডেভেলপার কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে অক্টোবর মাসে ওরাকল ১১জি ডিবিএ অ্যান্ড ডেভেলপার ভেন্ডর সার্টিফিকেশন কোর্সে শুক্র ও শনিবারের ব্যাচে ভর্তি চলছে। অভিজ্ঞ প্রশিক্ষকের মাধ্যমে কোর্স সমাপ্তির পর ছাত্রছাত্রীরা বিভিন্ন ব্যাংক, বীমা ও বহুজাতিক কোম্পানিতে চাকরির সুযোগ পাবেন। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭

## দেশে আসুসের ফোনপ্যাড



গ্লোবাল ব্র্যান্ড এনেছে আসুসের ফোনপ্যাড সিরিজের এফই৩৭৫সিএক্সজি মডেলের নতুন ট্যাবলেট পিসি। এটি অ্যান্ড্রয়িড ৪.৪.২ কিটক্যাট অপারেটিং সিস্টেম এবং ১.৩৩ গিগাহার্টজ ইন্টেল কোয়াড কোর প্রসেসরে চালিত। ৭ ইঞ্চির মাল্টিটাচ আইপিএস প্যানেলের এই ট্যাবে রয়েছে ১ জিবি র‍্যাম, ১৬ জিবি ডাটা স্টোরেজ, ডুয়াল ওয়েবক্যাম, ওয়াইফাই-ডুয়াল ব্যান্ড ৮০২.১১এ/বি/জি/এন, ব্লুটুথ ৪.০, সনিকমাস্টার অডিও ফিচার প্রভৃতি। ট্যাবলেট পিসিটিতে রয়েছে ডুয়াল সিম ব্যবহারের সুবিধা। এতে ১১ ঘণ্টারও বেশি ব্যাটারি ব্যাকআপ পাওয়া যায়। দাম ১৮ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৪২২

## ওয়্যারলেস মাউস



বিশ্বখ্যাত রাপুর পরিবেশক গ্লোবাল ব্র্যান্ড বাজারে নিয়ে এলো ৫ গিগাহার্টজ ফ্রিকোয়েন্সির ট্রান্সমিশনসম্পন্ন ওয়্যারলেস অপটিক্যাল মাউস। মাউসগুলোতে রয়েছে ১০০০ ডিপিআই রেজ্যুলেশনসম্পন্ন হাই ট্র্যাকিং ইঞ্জিন। দুই বছর ওয়ারেন্টিসহ মাউসটির দাম ১৩৫০ টাকা

## আসুসের আসুসফি প্রতিযোগিতার পুরস্কার বিতরণ



গত ২৪ জানুয়ারি গ্লোবাল ব্র্যান্ডের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়ে গেল 'আসুসফি কনটেস্ট' শীর্ষক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান। ফেসবুক অনলাইনভিত্তিক এই প্রতিযোগিতাটি মাসব্যাপী অনুষ্ঠিত হয়। এটি মূলত একটি সেলফি প্রতিযোগিতা। আসুসভক্তরা তাদের আসুস পণ্যের সাথে সেলফি তুলে এই প্রতিযোগিতায় অংশ নেন। এরপর তিনজন বিজয়ীকে বাছাই করে আসুস কর্তৃপক্ষ। তারা হলেন চ্যাম্পিয়ন ফজলে রাব্বি খান, প্রথম রানারআপ ফুয়াদ খন্দকার এবং দ্বিতীয় রানারআপ ইশায়াত আহমেদ। প্রথম পুরস্কার ছিল আসুস ট্রান্সফরমার বুক টি১০০টিএএম, দ্বিতীয় পুরস্কার আসুস ট্যাব এফই৩৭৫সিএক্সজি এবং তৃতীয় পুরস্কার আসুস ট্যাব ইএফ১৭০সিজি। বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন গ্লোবাল ব্র্যান্ডের ম্যানেজিং ডিরেক্টর রফিকুল আনোয়ার এবং ডিরেক্টর জসিম উদ্দিন খন্দকার। এছাড়া উপস্থিত ছিলেন আসুসের কান্ট্রি প্রোডাক্ট ম্যানেজার মোহাম্মদ আল ফুয়াদ এবং গ্লোবাল ব্র্যান্ডের হেড অব ব্র্যান্ড কমিউনিকেশন সেলিম আহাম্মেদ বাদল

## জোটেক ব্র্যান্ডের নতুন পণ্য উন্মোচন



সম্প্রতি ঢাকার এক হোটেলে অনুষ্ঠানের মাধ্যমে জোটেক ব্র্যান্ডের পণ্য দেশের বাজারে উন্মুক্ত করা হয়েছে। ইউসিসির আয়োজনে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউসিসির সিইও সারোয়ার মাহমুদ খান, জোটেক ইন্টারন্যাশনাল লিমিটেডের কান্ট্রি ম্যানেজার দীপক গুপ্তা এবং এনভিডিয়া গ্রাফিক্সের প্রতিনিধি অতুল মোনা। অনুষ্ঠানে বিভিন্ন গণমাধ্যমের সংবাদকর্মী ছাড়াও উপস্থিত ছিলেন ইউসিসির সাথে সম্পৃক্ত প্রায় ১০০ জন প্রথমসারির কমপিউটার বিক্রয়কারী প্রতিষ্ঠানের প্রতিনিধি। অনুষ্ঠানের শুরুতেই ইউসিসির সিইও সারোয়ার মাহমুদ খান স্বাগত বক্তব্য রাখেন। তিনি জোটেক ব্র্যান্ডের গ্রাফিক্স কার্ডের সম্ভাবনা ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে আলোচনা করেন। তিনি উল্লেখ করেন জোটেক গ্রাফিক্স কার্ডের পাঁচ বছরের বিক্রয়োত্তর সেবার নিশ্চয়তা এই পণ্যের ওপর গ্রাহকদের চাহিদা বাড়াতে সাহায্য করবে। গ্রাহকদের নির্ভরতা ও আস্থা অর্জনের মাধ্যমে ভবিষ্যতে জোটেক পণ্যের চাহিদা বাড়বে। জোটেক ব্র্যান্ডের কান্ট্রি ম্যানেজার দীপক গুপ্তা তার বক্তব্যে জোটেক প্রতিষ্ঠানের শুরু থেকে এখন পর্যন্ত কীভাবে বিশ্বের বিভিন্ন দেশে তাদের ব্যবসায়িক প্রসার ঘটিয়েছে সে সম্পর্কে বিস্তারিত তথ্য পরিবেশন করেন। পাশাপাশি জোটেক পণ্যের কারিগরি বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন

## আসুসের ১০০ সিরিজের গেমিং মাদারবোর্ড



কমপিউটারের পারফরম্যান্স ও গেমারদের চাহিদার দিকে লক্ষ রেখে আসুসের ১০০ সিরিজের গেমিং মাদারবোর্ড নিয়ে এসেছে গ্লোবাল ব্র্যান্ড। এর মডেলগুলো যথাক্রমে ম্যাক্সিমাস-৮-রেঞ্জার, জেড-১৭০-প্রো-গেমিং, বি-১৫০-প্রো-গেমিং-ডিথ্রি এবং এইচ-১৭০-প্রো-গেমিং। ১০০ সিরিজের মাদারবোর্ডে ইন্টেল ১১৫১ সকেটের আসন্ন ষষ্ঠ প্রজন্মের ইন্টেল কোরআই৭/৫/৩/পেন্টিয়াম/সেলেরন প্রভৃতি প্রসেসর সমর্থন করে। অত্যাধুনিক টেকনোলজির সমন্বয়ে তৈরি চিপসেটগুলো সর্বোচ্চ ব্যান্ডউইডথ ও ফ্যাক্সিবিলিটি নিশ্চিত করে। ১০০ সিরিজে ব্যবহৃত ইন্টেল ইথারনেট, ল্যানগার্ড ও গেমফাস্ট টেকনোলজি গেমিং পারফরম্যান্সে কোনো বাধা ছাড়াই দীর্ঘস্থায়ী সংযোগের নিশ্চয়তা দেয়। দাম ২১০০০, ১৮০০০, ১২০০০, ১৫০০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩

## এসএমএস ব্যাংকিং সেবা দিতে ফারমার্স ব্যাংক ও এসএসএলের চুক্তি

গ্রাহকদের এসএমএস ব্যাংকিং ও মোবাইল অ্যাপ্লিকেশন সেবা দিতে ফারমার্স ব্যাংকের সাথে মোবাইলভিত্তিক সেবাদানকারী প্রতিষ্ঠান সফটওয়্যার শপ লিমিটেড তথা এসএসএল ওয়্যারলেস একটি চুক্তি করেছে। সম্প্রতি ঢাকায় ব্যাংকটির প্রধান কার্যালয়ে চুক্তি সই হয়। অনুষ্ঠানে ফারমার্স ব্যাংক লিমিটেডের প্রধান নির্বাহী চৌধুরী মোস্তাক আহমেদ ও এসএসএলের ব্যবস্থাপনা পরিচালক সাইফুল ইসলামসহ প্রতিষ্ঠান দুটির ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন

## আসুসের ষষ্ঠ প্রজন্মের ট্রান্সফরমারবুক



আসুস দেশীয় আইটি মার্কেটে নিয়ে এলো ষষ্ঠ প্রজন্মের ট্রান্সফরমারবুক টিপি৩০০ইউএ। এর ১৩.৩ ইঞ্চি এইচডি এলইডি টাচস্ক্রিন ডিসপ্লে ৩৬০ ডিগ্রিতে আবর্তিত করা যায়। ২.৩০ গিগাহার্টজ ও ষষ্ঠ প্রজন্মের ইন্টেল কোরআই৫ প্রসেসরসমৃদ্ধ এই ল্যাপটপটিতে রয়েছে ৮ জিবি ডিডিআর৩ র‌্যাম, ১ টেরাবাইট এইচডিডি হার্ডডিস্ক। এর রোটেটিং টাচস্ক্রিন বৈশিষ্ট্যের কারণে এটি যেকোনো মোডে ব্যবহার করা যায়। রয়েছে ওয়াইফাই, ব্লুটুথ, এইচডি ৭২০ পিক্সেল ওয়েবক্যাম। এতে উইন্ডোজ ১০ এবং পলিমার ব্যাটারি ব্যবহার হয়েছে। দার ৬৯ হাজার টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৩৩

## বিজয় ফুলকি শিশু শিক্ষা মেলা অনুষ্ঠিত

রাজধানী পীরেরবাগে অনুষ্ঠিত হলো ফুলকি বিজয় ডিজিটাল শিশু শিক্ষা মেলা ২০১৬। মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তথ্যপ্রযুক্তিবিদ মোস্তাফা জব্বার বলেন, ডিজিটাল শিক্ষা শিশুদের অধিকার। উন্নত বিশ্বের শিশুরা যখন প্রযুক্তির হাত ধরে শিক্ষা নিচ্ছে তখন আমাদের শিশুরা কেন পিছিয়ে থাকবে। তিনি জানান, শহরতলির একটি শিশু শিক্ষাপ্রতিষ্ঠান হয়েও ফুলকি ডিজিটাল শিক্ষাব্যবস্থা প্রচলন করে প্রমাণ করেছে বিষয়টি টাকা-পয়সার সাথে যুক্ত নয়, বরং মানসিকতার সাথে যুক্ত। তিনি স্কুলের অভিভাবক ও শিক্ষক-শিক্ষিকাদেরকে শিক্ষার




ডিজিটাল রূপান্তরের সাথে নিজেদেরকে সম্পৃক্ত করার আহ্বান জানান। তিনি বলেন, আমাদের শিশুরা শুধু বাংলাদেশের কর্মী হবে না, সারা দুনিয়ার কর্মী হবে। এজন্য তাদেরকে বিশ্বমানের শিক্ষা দিতে হবে। শিশু সংগঠক ও ফুলকি নার্সারি স্কুলের প্রতিষ্ঠাতা মোহাম্মদ তৌহিদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের ১৪নং ওয়ার্ড কাউন্সিলর হুমায়ুন রশিদ জনি, প্রথম আলোর সিনিয়র রিপোর্টার সেলিম জাহিদ, বিজয় ডিজিটালের ব্যবস্থাপক জেসমিন জুঁই এবং মিরপুর ইংলিশ ভার্সন স্কুল অ্যান্ড কলেজের প্রতিষ্ঠাতা ইয়াহিয়া খান রিজন। আলোচক হিসেবে ছিলেন আলিমউদ্দিন উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও লেখক এবিএম মিজানুর রহমান এবং মালকোষ সংগীত বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা পরিচালক এসএম সলিমুল্লাহ মুরাদ। অনুষ্ঠানে ডিজিটাল শিক্ষা সম্পর্কে বিস্তারিত উপস্থাপনা করেন বিজয় ডিজিটালের প্রধান নির্বাহী জেসমিন জুঁই। তিনি বিজয় শিশু শিক্ষা-২ সফটওয়্যারটিও উপস্থাপন করেন

## এইচপি রিইনভেন্টিং বিজনেস অনুষ্ঠিত



রাজধানীর পূর্বাণী হোটেলে অনুষ্ঠিত হলো 'এইচপি রিইনভেন্টিং বিজনেস' শিরোনামে করপোরেট মিট অনুষ্ঠান। অনুষ্ঠানে অতিথি ছিলেন এইচপি আইএনসি এইসির ক্যাটাগরি ম্যানেজার এডি সোহ, এইচপি আইএনসি এইসির বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার ডেনিস লী, স্মার্ট টেকনোলজিসের বিপণন মহাব্যবস্থাপক মুজাহিদ আলবেরুনী সুজন, করপোরেট বিক্রয় বিভাগের মহাব্যবস্থাপক শেখ হাসান ফাহিম, এইচপির উর্ধ্বতন কর্মকর্তা এবং এইচপি পণ্যের ক্রেতারা। অনুষ্ঠানে এইচপি ব্র্যান্ডের নতুন পণ্য, সেবার মান, নতুন প্রযুক্তি এবং বাংলাদেশের করপোরেট জগতে এইচপির ব্যবসায়িক পরিকল্পনা বিষয়ে উন্মুক্ত আলোচনা করেন বক্তারা

## লিড পেনিট্রেশন টেস্টিং ট্রেনিং ও পরীক্ষায় শতভাগ সাফল্য



আইবিসিএস-প্রাইমেক্সে বিগত ১৯-৩১ ডিসেম্বর সার্টিফাইড এলপিটি এক্সপার্ট প্রশিক্ষকের অধীনে সার্টিফাইড লিড পেনিট্রেশন টেস্টিং প্রফেশনাল ট্রেনিং ও পরীক্ষা অনুষ্ঠিত হয়। ১৪ জন প্রফেশনাল প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ব্যাচটি সফলভাবে শেষ করে পেপার বেজড পরীক্ষায় অংশ নিয়ে প্রত্যেকে সার্টিফিকেট অর্জন করে। চলতি মাসে সিএলপিটি দ্বিতীয় ব্যাচটি অনুষ্ঠিত হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭

## নতুন মডেলের পাওয়ার ব্যাংক নিয়ে এলো এডাটা





গ্লোবাল ব্র্যান্ড প্রাইভেট লিমিটেড বাংলাদেশের আইটি বাজারে নিয়ে এলো পিভি ১২০ মডেলের নতুন পাওয়ার ব্যাংক। স্মার্ট, স্লিম ও লেদার টেক্সচারের মতো আধুনিক ডিজাইনসমৃদ্ধ এই পাওয়ার ব্যাংকটির ওজন মাত্র ১২০ গ্রাম, যার ফলে এটি স্বাচ্ছন্দ্যে বহন করা যায়। ২.১ অ্যাম্পিয়ার আউটপুট দিয়ে এটি দ্রুততার সাথে স্মার্টফোন, ট্যাবলেট জাতীয় ডিভাইস রিচার্জ করতে সক্ষম। নিরাপত্তার জন্য রয়েছে ওভার টেম্পারেচার প্রোটেকশন, ওভার চার্জিং প্রোটেকশন, শর্টসার্কিট প্রোটেকশন এবং ওভার ভোল্টেজ প্রোটেকশন। ৫১০০ এমএএইচ ধারণ ক্ষমতাসম্পন্ন পাওয়ার ব্যাংকটির দাম ১ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯০৪

## এমএসআই নতুন গেমিং মাদারবোর্ড বি১৫০এ



এমএসআইয়ের বাংলাদেশ প্রতিনিধি ইউসিসি বাজারজাত করছে ইন্টেল চিপসেটের নতুন গেমিং মাদারবোর্ড বি১৫০এ গেমিং প্রো। বেস্ট ইন ক্লাস ফিচার ও টেকনোলজির সমন্বয়ে তৈরি এই গেমিং মাদারবোর্ডটি ইন্টেল এলজিএ ১১৫১ সকেট এবং ষষ্ঠ প্রজন্মের প্রসেসরে ব্যবহারোপযোগী। মাদারবোর্ডটিতে র‌্যামের জন্য রয়েছে চারটি শ্লট, যাতে সর্বোচ্চ ৬৪ জিবি পর্যন্ত ডিডিআর র‌্যাম ব্যবহার করা যাবে এবং সর্বোচ্চ ২১৩৩ বাস পর্যন্ত সাপোর্ট দেবে। এর অডিও বুস্ট ৩ গেমারদের দেবে আল্টিমেট অডিও সাউন্ড সলিউশন, মিলিটারি ক্লাস-৫ দেবে সর্বোচ্চ গুণগত মানের নিশ্চয়তা। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১

## ব্রাদারের নতুন ওয়্যারলেস লেজার প্রিন্টার



গ্লোবাল ব্র্যান্ড বাজারে নিয়ে এলো ব্রাদার ব্র্যান্ডের ডিসিপি-১৬১০ডব্লিউ ওয়্যারলেস লেজার প্রিন্টার। প্রিন্টারটি লেজার টেকনোলজি প্রয়োগের মাধ্যমে একাধারে প্রিন্ট, কপি ও স্ক্যান করতে সক্ষম। ৩২ মেগাবাইট মেমরির প্রিন্টারটি মিনিটে ২০টি প্রিন্ট করতে পারে। এর প্রিন্ট রেজ্যুলেশন ২৪০০ বাই ৬০০ ডিপিআই, স্ক্যানার রেজ্যুলেশন ৬০০ বাই ১২০০ ডিপিআই এবং কপি রেজ্যুলেশন ৬০০ বাই ৬০০ ডিপিআই। দাম ১১ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৩০

## সাফায়ার নিট্রো গ্রাফিক্সকার্ড



সাফায়ার ব্র্যান্ডের নিট্রো সিরিজের আর৯ ৩৯০ ও আর৯ ৩৮০ মডেলের গ্রাফিক্সকার্ড বাজারজাত করছে ইউসিসি। এই কার্ডগুলোর বৈশিষ্ট্য হলো জিডিডিআর৫ মেমরি স্পিডের সর্বাধিক ৮ জিবি আকারে পাওয়া যাবে। আর৯ ৩৯০ গ্রাফিক্সকার্ডটি ট্রাই এক্স অর্থাৎ তিনটি ফ্যানসমৃদ্ধ। এতে ২৮এনএম চিপসেটের তৈরি ও সর্বোচ্চ ২৮১৬ স্ট্রিম প্রসেসর যুক্ত রয়েছে। মেমরি ক্লক ৬০০০ মেগাহার্টজ এবং সর্বোচ্চ পাঁচটি ডিসপ্লে আউটপুট হিসেবে পাওয়া যাবে। আর৯ ৩৯০ কার্ডটি ৪ জিবি মেমরি স্পিড ও জিডিডিআর৫ আকারে পাওয়া যাবে, যার ইঞ্জিন ক্লক স্পিড ৯৮৫ মেগাহার্টজ। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১

## সার্টিফায়েড আইএসও লিড অডিটর কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে সার্টিফায়েড আইএসও আইএসএমএস-২৭০০১ লিড অডিটর সার্টিফিকেশন কোর্সে ভর্তি চলছে। ৩৫ ঘণ্টার কোর্সটির প্রশিক্ষণের দায়িত্বে থাকবেন সার্টিফায়েডে অভিজ্ঞ প্রশিক্ষক। কোর্সটি সম্পন্ন হওয়ার পর কোর্স সমাপ্তি সার্টিফিকেট দেয়া হবে। জানুয়ারি মাসে দ্বিতীয় ব্যাচটি অনুষ্ঠিত হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭

## হুয়াওয়ে ব্র্যান্ডের পাওয়ার ব্যাংক



দেশের বাজারে হুয়াওয়ে ব্র্যান্ডের পাওয়ার ব্যাংক এপি০০৭ বাজারজাত করছে ইউসিসি। এই পাওয়ার ব্যাংকটির পাওয়ার ক্ষমতা ১৩ হাজার মিলি অ্যাম্পিয়ার, যা আপনার একটি ট্যাবলেট ডিভাইসকে সম্পূর্ণরূপে চার্জ দেয়া সম্ভব অথবা আপনার স্মার্টফোনটিকে দুই বা ততোধিক ফুল চার্জ দেয়া সম্ভব। এতে রয়েছে দুটি ইউএসবি স্লট, যা দিয়ে দুটি ভিন্ন ডিভাইসকে একই সময় চার্জ দেয়া সম্ভব। এর ৫ভি২এ আউটপুট সিস্টেম চার্জিং প্রসেসকে করবে গতিময়। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১

## ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজে পুঁজিবাজার বিশ্লেষণ প্রশিক্ষণ

পুঁজিবাজার বিশ্লেষণ করে সঠিক বিনিয়োগ করার লক্ষ্যে ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ আগামী ১১ মার্চ থেকে 'Chart Analysis / Technical Analysis using Elliott Wave Principle' প্রশিক্ষণের আয়োজন করেছে। প্রশিক্ষণ ফি ৬,০০০ টাকা। যোগাযোগ : ০১৯১১৩৯১৪০৭

## গিগাবাইটের নতুন মাদারবোর্ড

স্মার্ট টেকনোলজিস বাজারে নিয়ে এসেছে গিগাবাইট ব্র্যান্ডের জি১ স্নাইপার এম৭ মডেলের নতুন মাদারবোর্ড। ইন্টেলের ষষ্ঠ প্রজন্মের কোর প্রসেসর সমর্থিত এই মাদারবোর্ডটিতে রয়েছে ডুয়াল চ্যানেল



ডিডিআর৪ র‌্যাম স্লট, ডাবল ওয়ে গ্রাফিক্স উইথ প্রিমিয়াম পিসিআইই লেন, ৩২ জিবি পার সেকেন্ড ডাটা স্পিড, সাটা এক্সপ্রেস কানেক্টর, ১১৫ ডিবি এসএনআর এইচডি অডিও, হাই কোয়ালিটি অডিও ক্যাপাসিটরসহ ৮ চ্যানেল এইচডি অডিও, অডিও নয়েজ গার্ড, এলইডি পাথ লাইটিং, ট্রিপল ইউএসবি পোর্ট, ইজি টিউন এবং ক্লাউড স্টেশন ইউটিলিটি সমৃদ্ধ অ্যাপ সেন্টার এবং ডুয়াল বায়োস টেকনোলজি। তিন বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৯২০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০১৯৮৩

## ট্রান্সসেন্ডের ইউএইচএস মেমরি কার্ড



ট্রান্সসেন্ড ব্র্যান্ডের বাংলাদেশ প্রতিনিধি ইউসিসি বাজারজাত করছে উঁচু ক্ষমতাসম্পন্ন মেমরি কার্ড। বিশেষত প্রফেশনাল ক্যামেরা ও ভিডিও ধারণকারীদের জন্য এই মেমরি কার্ডগুলোর মাধ্যমে অবিশ্বাস্য ও সর্বাধুনিক কে-ভিডিও এবং ছবি সহজেই ক্যাপচার ও স্টোরেজ করতে পারবেন। সুপার স্পিড সংবলিত মেমরি কার্ডগুলোর রিড ও রাইড স্পিড সর্বোচ্চ ২৮৫এমবি/সেকেন্ড ও ১৮০ এমবি/সেকেন্ড। বেস্ট পারফরম্যান্স ও স্টোরেজ ছাড়াও এই কার্ডগুলোর রয়েছে ওয়াটার প্রুফ, টেম্পারেচার প্রুফ, স্ট্যাটিক প্রুফ, এক্সরে প্রুফ ও শক প্রুফের মত ফিচার। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১

## আসুসের পঞ্চম প্রজন্মের ল্যাপটপ

গ্লোবাল ব্র্যান্ড দেশে নিয়ে এলো পঞ্চম প্রজন্মের কে৫৫৫এলএফ। পঞ্চম প্রজন্মের ইন্টেল কোরআই৫ প্রসেসরসমৃদ্ধ ও ২.২০ গিগাহার্টজ গতিসম্পন্ন এই ল্যাপটপটিতে রয়েছে ১৫.৬ ইঞ্চি এইচডি এলইডি



ডিসপ্লে, ৮ জিবি র‌্যাম, ১ টেরাবাইট হার্ডডিস্ক, ২ জিবি ভিডিও গ্রাফিক্স, এইচডি ওয়েব ক্যামেরা। রয়েছে এনভিডিয়া জিফোর্স এইচডি ভিডিও গ্রাফিক্স, ইন্টিগ্রেটেড ৮০২.১১বি/জি/এন, বিল্টইন ব্লুটুথ এবং ল্যান জ্যাক। দুই বছর আন্তর্জাতিক ওয়ারেন্টিসহ দাম ৫৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৩৩

## ডেল ল্যাপটপে বিক্রয়োত্তর সেবা দিচ্ছে স্মার্ট টেকনোলজিস




দুই বছরের বিক্রয়োত্তর সেবা দিয়ে নতুন মডেলের ডেল ল্যাপটপ বাজারে নিয়ে এসেছে স্মার্ট টেকনোলজিস। ইন্সপায়রন ১৫ (৩৫৪২) মডেলের এই ল্যাপটপে রয়েছে ইন্টেল কোরআই৩ ৪০০৫ইউ প্রসেসর, ৪ জিবি ডিডিআর৩ র‌্যাম, ১ টেরাবাইট হার্ডড্রাইভ, ইন্টেল ৪৪০০ মডেলের এইচডি গ্রাফিক্স কার্ড, ডিভিডি রাইটার এবং ১৫.৬ ইঞ্চি এইচডি ডিসপ্লে, যার রেজ্যুলেশন ১৩৬৬ বাই ৭৬৮ পিক্সেল। ২.২৯ কেজি ওজনের ল্যাপটপটির দাম ৩২ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০১৯৩২

## লেনোভো আল্ট্রাস্লিম ইয়োগা৩ প্রো টাচ আল্ট্রাবুক

গ্লোবাল ব্র্যান্ড দেশে নিয়ে এলো আল্ট্রাস্লিম টাচ আল্ট্রাবুক ইয়োগা৩ প্রো। এই আল্ট্রাবুকটি পুরনো মডেলের ল্যাপটপগুলো থেকে হালকা এবং উন্নত



প্রযুক্তি দিয়ে তৈরি। ইয়োগা৩ প্রোতে ব্যবহৃত ওয়াচব্যান্ড হিঞ্জ একে ইয়োগা২ প্রো থেকে ১৪ শতাংশ বেশি পাতলা এবং হালকা হিসেবে বিশেষায়িত করেছে। এতে রয়েছে লেনোভো হারমনি সফটওয়্যার, যার মাধ্যমে ব্যবহারকারী অকার্যকর অ্যাপ্লিকেশনগুলো এড়িয়ে পছন্দানুযায়ী অ্যাপ্লিকেশন নিয়ে কাজ করতে পারবেন। এর ১৩.৩ ইঞ্চি মাল্টিটাচ (৩২০০ বাই ১৮০০) কিউএইচডি ডিসপ্লে দেবে অসাধারণ ভিজ্যুয়াল ইফেক্ট। ওজন ১.১৯ কেজি ও পুরুত্ব ১২.৮ মিলিমিটার। রয়েছে ইন্টেল কোর এম ৫ওয়াই৭১ প্রসেসর, ৮ জিবি ডিডিআর৩এল র‌্যাম, ২৫৬ জিবি এসএসএইচডি হার্ডডিস্ক। এক বছর ওয়ারেন্টিসহ দাম ১ লাখ ৩০ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৫০১

## টিম ব্র্যান্ডের পাওয়ার ব্যাংক



ইউসিসি দেশের গ্রাহকদের চাহিদার ওপর ভিত্তি করে সম্প্রতি বাজারজাত করছে টিম ব্র্যান্ডের পাওয়ার ব্যাংক। লিথিয়াম আয়ন সমৃদ্ধ ব্যাটারির এই পাওয়ার ব্যাংকগুলো গুণগত মানে সেরা। এই পণ্যগুলোর গুণগত মান নিশ্চিত করতে গ্রাহকেরা এক বছরের বিক্রয়োত্তর সেবার নিশ্চয়তা পাবেন। আকর্ষণীয় ডিজাইনের টিম পাওয়ার ব্যাংকগুলো ৫০০০ মিলি অ্যাম্পিয়ার, ৮০০০ মিলি অ্যাম্পিয়ার এবং ১০৪০০ মিলি অ্যাম্পিয়ারে পাওয়া যাবে। ৫০০০ মিলি অ্যাম্পিয়ারের পণ্যগুলো তিনটি রংয়ে এবং ৮০০০ মিলি অ্যাম্পিয়ারের পণ্যগুলো অ্যালুমিনিয়ামের ইউনিবডি এবং দুটি ভিন্ন কালারে পাওয়া যাবে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১

## এইচপির নতুন ল্যাপটপ



সাশ্রয়ী দামে এইচপি ১৪ এসি১২৭টিইউ মডেলের ল্যাপটপ বাজারে নিয়ে এসেছে স্মার্ট টেকনোলজিস। ইন্টেল কোরআই৩ ৫০০৫ইউ প্রসেসর ও ইন্টেল ৫৫০০ মডেলের এইচডি গ্রাফিক্সকার্ড সম্পন্ন এই ল্যাপটপে রয়েছে ৪ জিবি ডিডিআর৩ র‍্যাম, ১ টেরাবাইট হার্ডড্রাইভ, ১৪ ইঞ্চি ডায়াগোনাল এইচডি ব্রাইট ভিউ এলইডি ব্যাকলিট ডিসপ্লে, সুপার মাল্টি ডিভিডি রাইটার, এইচপি আইল্যান্ড স্টাইল কিবোর্ড, মাল্টিটাচ জেসচারসমৃদ্ধ টাচপ্যাড, ওয়াইফাই, ব্লুটুথ, কার্ড রিডার, এইচডিএমআই ও ইউএসবি পোর্ট। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৩৫ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭২১

## আইটিআইএল ২০১১ ফাউন্ডেশন ট্রেনিং ও এক্সামে শতভাগ সাফল্য

আইবিসিএস-প্রাইমেক্সে গত বছরের ৪ ও ৫ জুন সার্টিফায়েড আইটিআইএল এক্সপার্ট ইন্ডিয়া প্রশিক্ষকের অধীনে আইটিআইএল ২০১১ ফাউন্ডেশন ট্রেনিং ও এক্সাম অনুষ্ঠিত হয়। ৭ জন প্রফেশনাল প্রশিক্ষণার্থী ব্যাচটি সফলভাবে শেষ করে অনলাইন পরীক্ষায় অংশ নেন এবং প্রত্যেকে সার্টিফিকেট অর্জন করেন। আগামী আগস্ট মাসে আইটিআইএল ১২তম ব্যাচটি অনুষ্ঠিত হবে

## লেনোভোর উন্নত প্রযুক্তির ১০০ সিরিজের আইডিয়াপ্যাড

গ্লোবাল ব্র্যান্ড দেশের বাজারে এনেছে লেনোভোর ১০০ সিরিজের আইডিয়াপ্যাড। এই আইডিয়াপ্যাডগুলো পুরনো আইডিয়াপ্যাডগুলোর চেয়ে ১০ শতাংশ বেশি স্লিম, ৮ শতাংশ বেশি হালকা। ২.৩ কেজি ওজনের আইডিয়াপ্যাডগুলো ২২.৬ মিলিমিটার পাতলা ও ১৫.৬ ইঞ্চি ডিসপ্লেসমৃদ্ধ। এতে ব্যবহার হয়েছে লিথিয়াম সিলিন্ড্রিকাল নতুন প্রযুক্তির ব্যাটারি, যা দীর্ঘস্থায়ী ও বেশি সময় ব্যাকআপ দিয়ে থাকে। পঞ্চম প্রজন্মের ইন্টেল কোরআই৩ প্রসেসরসমৃদ্ধ এই আইডিয়াপ্যাডটিতে রয়েছে ৪ জিবি র‍্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক, ২ জিবি এনভিডিয়া জিফোর্স ৯২০এম গ্রাফিক্স, যা স্বচ্ছ ও নয়নাভিরাম ভিজ্যুয়াল ইফেক্ট দিয়ে থাকে। এক বছরের ওয়ারেন্টিসহ দাম ৩৮ হাজার ৭০০ টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৫০১



## সার্টিফায়েড আইএসও আইএসএমএস-২৭০০১ লিড অডিটর কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে গত বছরের ২০ জুন সার্টিফায়েড আইএসও এক্সপার্ট প্রশিক্ষকের অধীনে সার্টিফায়েড আইএসও আইএসএমএস-২৭০০১ লিড অডিটর ট্রেনিং অনুষ্ঠিত হয়েছে। ১২ জন প্রফেশনাল প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ব্যাচটি সফলভাবে শেষ হয়। আগামী জুলাই মাসে দ্বিতীয় ব্যাচটি অনুষ্ঠিত হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭

## টোটোলিংকের ৩জি/৪জি সমৃদ্ধ ওয়্যারলেস রাউটার

গ্লোবাল ব্র্যান্ড নিয়ে এলো টোটোলিংকের ৩জি/৪জি সমর্থনযোগ্য নতুন দুটি ওয়্যারলেস রাউটার জি১৫০আর এবং জি৩০০আর। অ্যাক্সেস কন্ট্রোলের জন্য রয়েছে মাল্টিপল এসএসআইডি, ব্যান্ডউইডথ কন্ট্রোলের জন্য রয়েছে কিউওএস এবং নিরাপত্তার জন্য রয়েছে উন্নত প্রযুক্তির ডব্লিউপিএ/ডব্লিউপি২।



জি১৫০আর রাউটারটি প্রতি সেকেন্ডে ১৫০ মেগাবাইট পর্যন্ত নেটওয়ার্ক সমর্থন দিতে পারে। রয়েছে ১ বাই ৫ ডিবিআই একটি ফিক্সড অ্যান্টেনা। জি৩০০আর রাউটারটি প্রতি সেকেন্ডে ৩০০ মেগাবাইট পর্যন্ত নেটওয়ার্ক সমর্থন দিতে পারে। এর রয়েছে ২ বাই ৫ ডিবিআই দুটি ফিক্সড অ্যান্টেনা, যা দিয়ে নিরবচ্ছিন্নভাবে সংযুক্ত থাকে। দাম যথাক্রমে ২১০০ ও ২৫০০ টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৫৪৬

## তোশিবার ৬ টেরাবাইট হার্ডড্রাইভ



স্মার্ট টেকনোলজিস বাজারে নিয়ে এসেছে তোশিবা ব্র্যান্ডের ৬ টেরাবাইট হার্ডড্রাইভ। এতে রয়েছে ৬ গিগাবিট পার সেকেন্ড স্পিড, ৭২০০ আরপিএম, ৬৪ এমবি বাফার সাইজ এবং ৩.৫ ইঞ্চি ফর্ম ফ্যাক্টর, যা অ্যাডভান্স ফরম্যাট প্রযুক্তি সমর্থিত। এই হার্ডড্রাইভটি অফিস, হোম, অল-ইন-ওয়ান, গেমিং পিসিসহ সব ধরনের এক্সটারনাল ও ইন্টারনাল ডিভাইসে ব্যবহারযোগ্য। স্মার্ট ওয়ারেন্টি সংবলিত হার্ডড্রাইভটির দাম ২২ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৩৫৪৮০১

## ট্রান্সসেন্ডের কার ভিডিও রেকর্ডার



দেশে এখন পাওয়া যাবে কার ভিডিও রেকর্ডার। যেসব গ্রাহক নিজেদের গাড়ির প্রতি সচেতন, তাদের পার্সোনালের জন্য গাড়িতে ব্যবহার করতে পারেন ট্রান্সসেন্ড ব্র্যান্ডের কার ভিডিও রেকর্ডার। ড্রাইভ প্রো ৫২০ মডেলের এই কার ভিডিও রেকর্ডারে সংযোজন করা হয়েছে ডুয়াল লেন্স ক্যামেরা, যার মাধ্যমে রোড ভিউ এবং প্যাসেঞ্জার ভিউতে ভিডিও রেকর্ড করা যাবে। এর রয়েছে ১৩০ ডিগ্রি ভিউ অ্যাঙ্গেল আইএফ/১.৮ এপারচার, ৬ গ্লাস লেন্স সংবলিত ক্যামেরা, যা প্রতিটি মুহূর্তের ক্রিস্টাল ক্লিয়ার ও ফুল এইচডি ১০৮০পি ভিডিও রেকর্ড করতে সাহায্য করবে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১

## কমান্ডার কম্বো কিবোর্ড



থার্মালটেক ব্র্যান্ডের বাংলাদেশের প্রতিনিধি ইউসিসি বাজারে সরবরাহ করছে গেমিং কিবোর্ড কমান্ডার কম্বো। গেমারদের ক্রয়ক্ষমতার মধ্যে থাকা এই গেমিং কিবোর্ডের সাথে পাচ্ছেন একটি থার্মালটেক ব্র্যান্ডের মাউস। আকর্ষণীয় ডিজাইনের এই গেমিং কিবোর্ডে রয়েছে ৮টি মাল্টিমিডিয়া কি। ইউএসবি ইন্টারফেস সংবলিত এই কিবোর্ডে রয়েছে অ্যান্টি বুস্টিং কির সুবিধা। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১

## তোশিবা পোর্টেবল হার্ডড্রাইভে উপহার

নতুন বছরে তোশিবা ব্র্যান্ডের বিভিন্ন মডেলের পোর্টেবল হার্ডড্রাইভের সাথে উপহার ঘোষণা করেছে স্মার্ট টেকনোলজিস। অফারের আওতায় যেকোনো মডেলের তোশিবা পোর্টেবল হার্ডড্রাইভ কিনলেই কাস্টমারেরা পাবেন একটি আকর্ষণীয় হার্ডড্রাইভ ক্যারি কেস। উল্লেখ্য, বর্তমানে বাজারে তোশিবা ব্র্যান্ডের ১, ২ ও ৩ টেরাবাইট স্পেসসম্পন্ন পোর্টেবল হার্ডড্রাইভ পাওয়া যাচ্ছে। দাম যথাক্রমে ৫২০০, ৮৮০০ ও ১২৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩৫৪৮০১




## পিএনওয়াই ব্র্যান্ডের ওটিজি ইউএসবি ফ্ল্যাশড্রাইভ



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে পিএনওয়াই ব্র্যান্ডের ডুয়ো লিংক ওইউসিক্স মডেলের ওটিজি ইউএসবি ফ্ল্যাশড্রাইভ। ড্রাইভটি পিসি, নোটবুক, ট্যাবলেট, স্মার্টটিভি এবং কার স্টেরিওতে ডাটা ট্রান্সফার করা যায়। দ্বিমুখী এই ফ্ল্যাশড্রাইভটির এক মাথায় মাইক্রো ইউএসবি ২.০ এবং অন্য মাথায় টাইপে ইউএসবি ৩.০ প্রযুক্তি ব্যবহার করা হয়েছে। প্রোডাক্ট লাইফটাইম ওয়ারেন্টিসহ ডিভাইসটির ৩২ জিবি ১২০০ ও ১৬ জিবি ৭৫০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৮৭

## পিএইচপি-মাইএসকিউএল কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে প্রফেশনাল পিএইচপি কোর্সে ফেব্রুয়ারি সেশনে ভর্তি চলছে। কোর্সের সময়সীমা ৯০ ঘণ্টা, যার মধ্যে দুটি রিয়েল লাইফ প্রজেক্ট অন্তর্ভুক্ত। পিএইচপির নিজস্ব সিলেবাসের পাশাপাশি রয়েছে অ্যাজাক্স, জেকুয়েরি, জুমলা ও অ্যাডভান্স অবজেক্ট অরিয়েন্টেড টেকনিক। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭

## ভিভিটেকের ডাটা প্রজেক্টর



গ্লোবাল ব্র্যান্ড বাজারে নিয়ে এলো তাইওয়ানের বিশ্বখ্যাত ব্র্যান্ড ভিভিটেকের নতুন ডাটা প্রজেক্টর ডি৫৫২। আধুনিক ডিএলপি প্রযুক্তিসম্পন্ন এই প্রজেক্টরের কন্ট্রাস্ট রেশিও ১৫০০০:১, যা স্বচ্ছ ও স্পস্ট দৃশ্য আনতে সক্ষম। এছাড়া এতে রয়েছে থ্রিডি রেডি, ৩০০০ আনসি লুমেন্স এবং ১০০০০ ঘণ্টা পর্যন্ত ল্যাম্পলাইফ। দাম ৩৫ হাজার টাকা। বিক্রয়োত্তর সেবা দুই বছর (ল্যাম্প এক বছর বা এক হাজার ঘণ্টা)। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৪৫৯